

23 AUG 1988

দৈনিক ইত্তেফাক

তারিখ: 23 AUG 1988

পৃষ্ঠা... ২ ... কলাম... ২

(২৫)

## রাজশাহী ভাসিটির ৩টি হল ভাংচুর ॥ অগ্নিসংযোগ

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতার ফোন : জাতীয়তাবাদী  
ছাত্রদল নেতা হাবিবুর রহমান

কবিরের মৃত্যুর প্রতিক্রিয়া হিসাবে  
শনিবার গভীর রাতে রাজশাহী  
(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

### রাজশাহী ভাসিটির

(১ম পৃ: পর)

বিশ্ববিদ্যালয়ের ৩টি হলের ১৪টি  
কক্ষ ভাংচুর ও অগ্নি সংযোগ  
করা হয়। এই সকল কক্ষে  
ছাত্র শিবির কর্মীরা বাস করে।  
কবিরের মৃত্যু সংবাদ পৌঁছার পর  
পর ছাত্রদল কর্মীরা বিভিন্ন হল  
পৃথক পৃথক মিছিল বাহির করে।  
একটি মিছিল শামসুজ্জোহা হলে  
চোকাক চেপ্টা করিলে গেট বন্ধ  
করিয়ে দেওয়া হয়। ছাত্ররা  
গেটের একাংশ ভাঙ্গিয়া ফেলে।  
এই সময় ছাত্রদল ও ছাত্র শিবির  
কর্মীদের মধ্যে শ্লোগান ও পাল্টা  
শ্লোগান এবং ইটপাটকেল নিক্ষেপ  
হয়। ৩ জন সামান্য আহত হয়।  
কয়েক রাউণ্ড গুলী ও ককটেল  
বিষ্ফোরণের শব্দ শোনা যায়।  
ঘটনার পর শহীদ সোহরাওয়ার্দী  
হলে ৩টি, মাদারবক্স হলে ৭টি এবং  
শহীদ হাবিবুর রহমান হলে ৪টি  
কক্ষ ভাংচুর ও মালামালে অগ্নি  
সংযোগ করা হয়। গতকাল (রবি-  
বার) দুপুরে পুলিশ শামসুজ্জোহা  
হলে তল্লাশি চালাইয়া ৬টি হাত-  
বোনা, ২০টি লোহার রড ও  
১টি হাসুয়া উদ্ধার করে। গতকাল  
২২টি ছাত্র সংগঠন শোক মিছিল  
বাহির করে। পরে নিহত কবি-  
রের গায়েবানা জানাজা অনুষ্ঠিত  
হয়।